15 JAN 2007

# উপজেলা পর্যায়ে পাবলিক বিশ্ববিদ্যালয়

বাংলাদেশে মোট ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয় রয়েছে। যার অধিকাংশই দেশের বিভিন্ন বিভাগীয় শহরে অবস্থিত। সারা দেশ থেকে ছেলেমেয়েরা এ সমস্ত বিশ্ববিদ্যালয়ে পড়তে আসে। বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কথাই ধরা যাক—দেশের প্রত্যেক জেলার বাবা-মায়েরা চান তাঁদের ছেলেমেয়েরা এই বিশ্ববিদ্যালয়ে পড়ুক। এমনিভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে না হলে অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে পড়তে চায় ছেলেমেয়েরা । প্রায় সব বিশ্ববিদ্যালয়ই বিভাগীয় শহরে হওয়ায় দেশের সব জায়গা থেকেই ছেলেমেয়েরা শহরে আসে এবং থাকে । এতে করে যেমন শহরের গণবসতি বাড়ছে তেমনি যানজটসহ নানা ধরনের সমস্যাও সৃষ্টি হচ্ছে। সুতরাং দেশের সব উপজেলায় যদি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস করা হয় তাহলে বিভাগীয় শহরে যেমন যানজট কমবে তেমনি ছেলেমেয়েরাও অনায়াসেই যার যার বাড়ি থেকে ক্লাস করতে পারবে। পরিবারের সংস্পর্শে থাকার কারণে তারা কোনো অপরাধীচক্রের সঙ্গে জড়িত হতে পারবে না। আশা করি সরকার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে। উপজেলায় না হোক অন্তত প্রত্যেক জেলায় প্রতিটি বিশ্ববিদ্যালয়ের যেন একটি করে ক্যাম্পাস হয় ।

**মো. সোলায়মান**, গাজীপুর